

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ওএম-৭৪-ম/১৪-৬০২


তারিখ : ১৬/০২/২০২৫ খ্রি.

বিষয়: জলবায়ু পরিবর্তন মোকাবেলায় শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় বৃক্ষরোপন প্রসঙ্গে।

সূত্র: লেইস প্রজেক্ট এর স্মারক নং- মাউশি/লেইস/০১-০৩/প্রযো/২০২৪/৬০৯; তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের আলোকে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের পরিপ্রেক্ষিতে বিবেচনায় লেইস প্রকল্পে জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য অভিঘাত মোকাবেলায় মাধ্যমিক শিক্ষা স্তরে সচেতনতা সৃষ্টির বিষয়টিতে গুরুত্বারোপ করে কতিপয় কর্মসূচি অন্তর্ভুক্ত হয়েছে। এ সকল কর্মসূচির মধ্যে রয়েছে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ে শিক্ষণ প্রশিক্ষণ, বৃক্ষরোপণ ইত্যাদি। মাধ্যমিক পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে জলবায়ুর পরিবর্তনের ফলে সৃষ্ট অভিঘাত মোকাবেলা ও খাপ-খাওয়ানো এবং প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে DLI-৭ এর DLR ১.২ অনুসারে প্রকল্পের প্রথম বছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বছরে ন্যূনতম ২ (দুই) টি বৃক্ষরোপনের জন্যে একটি নির্দেশনা পত্র জারির প্রস্তাব করা হয়েছে। উল্লেখ্য, জলবায়ুর পরিবর্তিত পরিস্থিতিতে "বৃক্ষরোপন" পরিবেশের উন্নয়নে ও দুর্যোগ মোকাবেলায় অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করে থাকে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছর ন্যূনতম ০২ (দুই) টি ফলজ/বনজ/ভেষজ বৃক্ষের চারা রোপন ও পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
addshesecondary1@gmail.com

বিতরণ:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী

ইমেইল : deorajshahi@yahoo.com, ওয়েব সাইট : www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/২১২১ (১১)


তারিখ : ১৭.০২.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : _____
- ১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী

সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় বৃক্ষরোপনের লক্ষ্যে ফলজ/বনজ/ভেষজ যে কোন ০২ (দুটি) বৃক্ষের চারা রোপন ও পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ২। অফিস নথি।



(মোঃ আব্দুল ওয়াহাব)

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
রাজশাহী

টেলিফোন : ০২৫৮৮৮৫৬২৫৩